



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ১৩.০৯.২০২৩ খ্রি.

সংবাদ : :
সম্পাদকীয় : :
নিবন্ধ/প্রবন্ধ/চিত্রিত : :

ত্রিশালে বিদ্যুৎ না থাকায় ৩০০ মুরগির মৃত্যু



ত্রিশাল প্রতিনিধি : ময়মনসিংহের ত্রিশালে প্রচণ্ড গরম ও লোডশেডিংয়ে একটি পোল্ট্রি খামারের তিন শতাধিক ব্রয়লার মুরগি মারা গেছে। এতে লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন খামার মালিক মাহাবুব হাসান কনক। রবিবার দুপুরে ত্রিশাল উপজেলার ডা সাখুয়া ইউনিয়নের

নওপাড়া গ্রামের মাহাবুব খামারের মাহাবুব হাসানের পোল্ট্রিতে ২০০০ মুরগীর সেড থেকে ১কেজি ৬০০ গ্রাম ওজনের তিন শতাধিক মুরগী মারা যাওয়ার ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মাহাবুব গত বছর থেকে বাড়ির পাশে একটি খামারে ব্রয়লার মুরগি পালন করে আসছেন। শুক্র ও শনিবার ডু প্রচ- গরমে ভয়াবহ

লোডশেডিংয়ের কবলে, পড়ে পুরো এলাকা। বিদ্যুৎ বিভাগকে বার বার ফোন দিয়ে কোনো সাড়া পাননি ওই খামার মালিক। দুপুর একটার দিকে মুরগিগুলো চোখের সামনে মারা যায়।

খামার মালিকের ছোট ভাই ফাহাদ বিন সাঈদ বলেন, বেশি দামে খাদ্য কিনে মুরগিগুলো খামারে লালন-পালন করছি। কিন্তু প্রচ- গরমে পূর্ব ঘোষণা ছাড়া সাড়ে চার ঘন্টার অধিক সময়

বিদ্যুৎ না থাকায় আমাদের তিন শতাধিক মুরগি মারা যায়। এতে আমাদের অপূরণীয় ক্ষতি হয়। বাকি মুরগী গুলোও অসুস্থ হয়ে পড়ায় বিক্রির অনুপযোগী হয়ে পড়ে। এবিষয়টি

অবগত করলেও বিদ্যুৎ অফিসের লোকজন কোন ব্যবস্থা দেয়নি। এ ব্যাপারে ত্রিশাল পল্ট্রি বিদ্যুৎ সমিতির ডিজিএম মোশারফ হোসেন বলেন, বিদ্যুতের লাইন সংক্রান্ত গাছের ডালপালা কর্তনের জন্য ঐ সময়টুকু

বিদ্যুৎ সরবরাহ বন্ধ ছিলো। এবিষয়ে বিভিন্ন জায়গায় বিভিন্ন পরিচিত

জনকে জানানো হয়েছে। তবে যেকোন কারণে হয়তো উনাকে জানানো সম্ভব হয়নি। তবে এবিষয়ে উনিও আমাকে ফোন করে কিছু জানায়নি।



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ১৩.০৯.২০২৩ খ্রি.

✓ সংবাদ :
সম্পাদকীয় :
নিবন্ধ/প্রবন্ধ/চিত্রপত্র :

ফুলপুরে শ্যামল হত্যার প্রতিবাদে গ্রামবাসীর মানববন্ধন



মোঃ মিজানুর রহমান আকন্দ
ফুলপুর ঃ ময়মনসিংহের ফুলপুরে
শ্যামল (২৭) নামে এক বালু ও
ড্রাম ট্রাক ব্যবসায়ীকে কুপিয়ে
হত্যার প্রতিবাদে মানববন্ধন
করেছেন আলোকদি গ্রামবাসী।
জানা যায়, গত রোববার (১০
সেপ্টেম্বর) সন্ধ্যার পর

উপজেলার আলোকদি গ্রামের
কাঁচা রাস্তার পাশে একটি
দোকানের সামনে পূর্ব শত্রুতার
জেরে ব্যবসায়ী শ্যামলকে কুপিয়ে
জখম করে দুর্বৃত্তরা। পরে
ঘটনাস্থলেই সে মৃতুবরণ করে।
এ ঘটনায় নিহতের ভাই বাদী
হয়ে ১৩ জনের নাম উল্লেখসহ
অজ্ঞাত ৭/৮ জনের বিরুদ্ধে
ফুলপুর থানায় মামলা দায়ের
করেন। ইতিমধ্যে মামলার প্রধান
আসামী মুঞ্জুরুল হক (৩০) সহ ৩
জনকে গ্রেপ্তার করেছে থানা
পুলিশ। সোমবার (১১ সেপ্টেম্বর)

দুপুরে শ্যামলের হত্যার প্রতিবাদে
ও খুনিদের ফাঁসির দাবিতে
ফুলপুর থানা ও উপজেলার
সামনে মানববন্ধন করেছেন
শ্যামলের গ্রামবাসী। নিহত
শ্যামল (২৭) আলোকদি গ্রামের
মরহুম হযরত আলী ম্যানেজারের
ছোট ছেলে। ফুলপুর থানার
অফিসার ইনচার্জ আব্দুল্লাহ আল
মামুন জানান, এ ঘটনায় ৩
জনকে গ্রেপ্তার করে আদালতে
পাঠানো হয়েছে। অন্যান্য
আসামীদের গ্রেপ্তারের চেষ্টা
চলছে।



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ১৩.০৯.২০২৩খ্রি.

✓সংবাদ :
সম্পাদকীয় :
প্রবন্ধ/চিত্রপত্র :

মমেক হাসপাতালে বাড়ছে ডেঙ্গু আক্রান্ত রোগী : ভর্তি ১২৭ জন

স্টাফ রিপোর্টার : ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে বাড়ছে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা। শয্যার তুলনায় বেশী রোগী ভর্তি আছেন ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে। বাড়তি রোগীর চাপ সামলাতে হিমসিম অবস্থা চিকিৎসক ও নার্সদের। গতকাল মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) দুপুরে এ তথ্য নিশ্চিত করে হাসপাতালের ডেঙ্গু ইউনিটের ফোকাল পার্সন ফরহাদ হোসেন হিরা জানান, গত ২৪ ঘণ্টায় নতুন ২৭ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়েছে। সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন ৪০ জন। হাসপাতালে মোট রোগী রয়েছে ১২৭ জন। (২য় পাতায়)

মমেক হাসপাতালে বাড়ছে

(১ম পাতার পর) এরমধ্যে পুরুষ ১০১, নারী ২০ ও শিশু রয়েছে ০৬ জন। তিনি আরও বলেন, ভর্তিকৃত রোগীর অধিকাংশের অবস্থা স্থিতিশীল রয়েছে। রোগীদের জন্য হাসপাতালে অক্সিজেন, ফুইডসহ যাবতীয় সামগ্রীর পর্যাপ্ত ব্যবস্থা রয়েছে। হাসপাতালের পক্ষ থেকে রোগীদের বিনামূল্যে মশারি, খাদ্য ও ওষুধ সরবরাহ করা হচ্ছে। তিনি আরো জানান অধিকাংশ রোগী ঢাকা থেকে আগত।

উল্লেখ্য, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় চলতি মাসের ২ জুলাই বিলকিস বেগম এবং ৭ জুলাই আব্দুর রাজ্জাক, ১০ জুলাই আসমা বেগম এবং ১৬ জুলাই আরিফ, ১ আগষ্ট সকালে হাবিব, ৫ আগষ্ট সেলিম মিয়া নামে এক রোগীর মৃত্যু হয়। এনিয়ে হাসপাতালে গত ৩ মাসে ডেঙ্গু আক্রান্ত হয়ে ৭ জনের মৃত্যু হয়েছে।